

Official Spokesperson's response to a media query on status of MV Jag Anand and MV Anastasia

January 01, 2021

এমভি জগ আনন্দ এবং এমভি আনাস্তাসিয়া'র অবস্থান সম্পর্কে গণমাধ্যমের প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্রের প্রতিক্রিয়া

জানুয়ারী 01, 2021

এমভি জগ আনন্দ এবং এমভি আনাস্তাসিয়া'র অবস্থান সম্পর্কে গণমাধ্যমের প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্র শ্রী অনুরাগ শ্রীবাস্তব বলেছেন:

"গ্রেট ইস্টার্ন শিপিং কোম্পানির ভারতীয় ভারী মালবাহী জাহাজ এমভি জগ আনন্দ 13 জুন, 2020 সাল থেকে চীনের হেবেই প্রদেশের জিংতাং বন্দরের কাছে নোঙ্গর করে আছে এবং তাতে 23 জন ভারতীয় নাবিক বর্তমান। 2020 সালের 20 সেপ্টেম্বর থেকে আরও একটি জাহাজ এমভি আনাস্তাসিয়া, 16 জন ভারতীয় নাবিক সহ, 20 সেপ্টেম্বর 2020 থেকে চীনের ক্যাফিডিয়ান বন্দরের কাছে নোঙ্গর করে আছে। এই দুটি জাহাজই তাদের মাল খালাসের জন্য অপেক্ষা করছিল। দীর্ঘ বিলম্বের কারণে নাবিকদের ওপর ক্রমাগত চাপ বৃদ্ধি হচ্ছে। এই পরিস্থিতিতে নাবিকদের ক্রমবর্ধমান কঠিন অবস্থা এবং সেবিষয়ে আমাদের উদ্বেগের কারণে, এই দুটি মামলা জরুরী ভিত্তিতে চালিয়ে যাওয়া হচ্ছে।

অন্যান্য দেশ থেকে আগত আরও বেশ কয়েকটি জাহাজ তাদের মাল খালাসের জন্য অপেক্ষায় আছে তা আমরা অবশ্যই বুঝতে পারছি।

বেইজিংয়ে আমাদের দূতাবাস বারবার এই মামলাগুলি বিষয়ে চীনের বিদেশ মন্ত্রক এবং স্থানীয় প্রাদেশিক কর্তৃপক্ষের কাছে অনুরোধ করে আবেদন জানিয়েছে যে জাহাজগুলিকে জাহাজ-ঘাটায় নোঙ্গর করার এবং/অথবা নাবিক পরিবর্তন করার অনুমতি দেওয়া হোক। তারা গত কয়েক মাস ধরে এই বিষয়টি অনুসরণ করেছে। ভারতীয় রাষ্ট্রদূত ব্যক্তিগতভাবে এই বিষয়টি উপ-পররাষ্ট্রমন্ত্রীর কাছে তুলে ধরেছেন। চীনা দূতাবাসের পাশাপাশি মন্ত্রকও এই বিষয়টি অনুসরণ করেছে।

চীনা কর্তৃপক্ষ জানিয়েছে যে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক COVID-19 সম্পর্কিত আরোপিত বিভিন্ন বিধিনিষেধের কারণে, এই বন্দরগুলি থেকে নাবিক পরিবর্তনের অনুমতি দেওয়া হচ্ছে না। চীনা বিদেশ মন্ত্রক 2020 সালের নভেম্বর নাগাদ জানিয়েছিল যে জিংতাং বন্দর থেকে নাবিক পরিবর্তন সম্ভব হবে না। শিপিং সংস্থা/এজেন্ট চীনের তিয়ানজিন বন্দর থেকে নাবিক রোটেশনের জন্য আবেদন করতে পারে এবং স্থানীয় কর্তৃপক্ষ সেই অনুরোধ পাওয়ার পরে পরীক্ষা করে দেখবে। সংশ্লিষ্ট শিপিং সংস্থাগুলিকে দ্রুত নাবিক পরিবর্তনের জন্য আবেদন করতে বলা হয়েছে।

শিপিং সংস্থাগুলি তাদের বর্তমান নোঙ্গর করা অবস্থান থেকে দূরে জাহাজ চলাচলের রসদ পরীক্ষা করে দেখছে, আমাদের দূতাবাস তিয়ানজিনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে নাবিক পরিবর্তনের সুবিধার্থে জাহাজ ভেড়ানোর অনুমোদনের জন্য যোগাযোগ করছে। স্থানীয় চীনা কর্তৃপক্ষের অনুমোদনের জন্য আমরা শিপিং সংস্থাগুলিকে শীঘ্রই পরিবর্তনের জন্য তাদের পরিকল্পনানুযায়ী নাবিক তালিকাভুক্ত করার বিষয়টি নিশ্চিত করতে অনুরোধ করেছি।

আমরা আরও জানাই যে এমভি আনাস্তাসিয়া বর্তমানে কোফেডানে অবস্থান কালে সমুদ্রমধ্যে নাবিক পরিবর্তনের সম্ভাবনাও খতিয়ে দেখছে। আমাদের দূতাবাস গতকাল চীনা কর্তৃপক্ষকে এই বিকল্প প্রস্তাব জানিয়ে চিঠি দিয়ে অনুমোদন প্রার্থনা করেছে।

বেইজিংয়ে আমাদের দূতাবাস থেকে বেইজিং, হেবেই এবং তিয়ানজিনে চীনা কর্তৃপক্ষের সাথে ঘনিষ্ঠ এবং অবিচ্ছিন্ন যোগাযোগ অব্যাহত রেখেছে। প্রাথমিক মীমাংসার জন্য নয়াদিল্লিও চীনা দূতাবাসের মাধ্যমে সরকারী ভাবে অনুসরণ করছে।

এক্ষেত্রে চীনা পক্ষ থেকে সহযোগিতার আগ্রহ প্রকাশ লক্ষ্য করা গেছে। আমরা আশা করি যে জাহাজে উদ্ধৃত মারাত্মক অমানবিক পরিস্থিতি বিবেচনা করে বাস্তবিক ও জরুরি ভিত্তিতে নির্দিষ্ট সময়সীমার মধ্যে এই সহায়তা প্রদান করা হবে।

পরিস্থিতির পরবর্তী অগ্রগতি বিষয়ে আমরা আপনাদের জানাতে থাকব।”

নিউ দিল্লি
জানুয়ারী 01, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.